বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ওয়েব সাইট: www.berc.org.bd।

নং-২৮.০১.০০০০.০১২.১৭.০০২.২৬.৩৪২৭

তারিখ: ১৭ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

ভোক্তাপর্যায়ে বেসরকারি ও সরকারি এলপিজি এর মূল্যহার পরিবর্তনসহ মূল্য সমন্বয় সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি

ভোক্তাপর্যায়ে এলপিজি এর মূল্যহার নির্ধারণ/পুনর্নির্ধারণ বিষয়ে রীট পিটিশন নম্বর-১৩৬৮৩/২০১৬ এর পরিপ্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগের ২৫ আগস্ট ২০২০ খ্রিষ্টাব্দ তারিখের আদেশ এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২ (খ) ও ৩৪ এ প্রদত্ত দায়িত্ব ও ক্ষমতাবলে স্বার্থসংশ্লিষ্ট পক্ষগণকে গণশুনানি প্রদানপূর্বক ১২ এপ্রিল ২০২১ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০১ এর মাধ্যমে কমিশন কর্তৃক ভোক্তাপর্যায়ে সরকারি ও বেসরকারি এলপিজি এর মূল্যহার নির্ধারণ/পুনর্নির্ধারণ করা হয়। পরবর্তীতে কমিশন কর্তৃক মাসভিত্তিতে Saudi CP এর সাথে সামঞ্জস্য রেখে বেসরকারি এলপিজি এর মূল্যহার সমন্বয় করা হচ্ছে।

০২। কমিশন কর্তৃক নির্ধারিত/পুনর্নির্ধারিত বেসরকারি এলপিজি এর মূল্যহার পরিবর্তনের বিষয়ে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ৩৪(৬) মতে ০৪টি বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সি মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ, ডিস্ট্রিবিউটর চার্জ এবং রিটেইলার চার্জসহ ভোক্তাপর্যায়ের মূল্যহার পরিবর্তন; কমিশনের ৪টি এলপিজি ডিস্ট্রিবিউটর লাইসেন্সি বেসরকারি এলপিজি এর ডিস্ট্রিবিউটর চার্জ ও রিটেইলার চার্জ পরিবর্তন; এবং ০৬টি অটোগ্যাস লাইসেন্সি অটোগ্যাসের স্টেশন চার্জ পরিবর্তনের জন্য কমিশনে প্রস্তাব পেশ করে। এছাড়া সরকারি এলপিজির ভোক্তাপর্যায়ের বিদ্যমান মূল্যহার পরিবর্তনের জন্য এলপি গ্যাস পিএলসি কমিশনে প্রস্তাব দাখিল করে। উক্ত প্রস্তাবসমূহের ওপর ২৯ অক্টোবর ২০২৬ তারিখে প্রস্তাবকারি লাইসেন্সিগণ এবং আগ্রহী পক্ষগণের গণশুনানি অনুষ্ঠিত হয়। বিস্তারিত পর্যালোচনা ও বিশ্লেষণান্তে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত দায়িত্ব ও ক্ষমতাবলে কমিশন কর্তৃক বেসরকারি এবং সরকারি এলপিজি এর ভোক্তাপর্যায়ের মূল্যহার নিম্নলিখিতভাবে পুনর্নির্ধারণ করা হয়েছে, যথা:-

(ক) নভেম্বর ২০২৬ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেনের ঘোষিত Saudi Contract Price (Saudi CP) যথাক্রমে প্রতি মেট্রিক টন ৭২০.০০ মার্কিন ডলার এবং ৭৮০.০০ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন ও বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন ও বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৭৫৯.০০ মার্কিন ডলার, এলপিজি আমদানিতে জাহাজভাড়া ও ট্রেডারের প্রিমিয়াম প্রতি মেট্রিক টন ২৫০.০০ মার্কিন ডলার এবং প্রতি মার্কিন ডলারের গড় বিনিময় মূল্য ১২৩.৪৬ টাকা বিবেচনায় বিবেচনায়–

(i) বেসরকারি এলপিজি এর রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূল্য প্রতি কেজি ১৭১.৬৮ টাকায় পুনর্নির্ধারণ করা হয়েছে। সে অনুযায়ী রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে প্রতি ১২ কেজি এলপিজি'র মূল্য ২,০৬০.০০ টাকা পুনর্নির্ধারণ করা হয়েছে। এছাড়া ৫.৫, ১২.৫, ১৫, ১৬, ১৮, ২০, ২২, ২৫, ৩০, ৩৩, ৩৫ এবং ৪৫ কেজি এলপিজি এর ভোক্তাপর্যায়ে মূল্যহার পুনর্নির্ধারণ করতঃ আদেশ প্রদান করা হয়েছে। উল্লেখ্য, কেবলমাত্র Saudi CP অক্টোবর ২০২৬ মাসের তুলনায় নভেম্বর ২০২৬ মাসে প্রতি মেট্রিক টন গড়ে ৪৬.৫০ মার্কিন ডলার বৃদ্ধি পাওয়ায় বোতলজাতকৃত প্রতি ১২ কেজি বেসরকারি এলপিজি এর মূল্যহার মূসকসহ বৃদ্ধি পেয়েছে প্রায় ৭৪ টাকা;

(ii) বেসরকারি এলপিজি এর মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ প্রতি কেজি ২৩.৪৮ টাকায়, ডিস্ট্রিবিউটরের চার্জ প্রতি কেজি ৭.০৮ টাকায়, রিটেইলারের চার্জ প্রতি কেজি ৫.৮৩ টাকায়, অটোগ্যাসের মজুতকরণ চার্জ প্রতি লিটার ৫.৫৯ টাকায় এবং অটোগ্যাসের স্টেশন চার্জ প্রতি লিটার ৯.২৫ টাকায় পুনর্নির্ধারণ করত আদেশ প্রদান করা হয়েছে;

(iii) রেটিকুলেটেড পদ্ধতিতে তরল অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি এর মূসকসহ মূল্যহার প্রতি কেজি ১৬৫.৮৫ টাকায় বা রেটিকুলেটেড পদ্ধতিতে গ্যাসীয় অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি এর ভোক্তাপর্যায়ে মূসকসহ মূল্যহার প্রতি লিটার ০.৩৬৮৫ টাকায় বা প্রতি ঘনমিটার ৩৬৮.৫০ টাকায় পুনর্নির্ধারণ করত আদেশ প্রদান করা হয়েছে; এবং

(iv) ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূসকসহ মূল্যহার প্রতি লিটার ৯১.৯৫ টাকায় পুনর্নির্ধারণ করত আদেশ প্রদান করা হয়েছে।

(খ) এলপি গ্যাস পিএলসি কর্তৃক সরবরাহকৃত প্রতি ১২.৫০ কেজি সরকারি এলপিজি এর ভোক্তাপর্যায়ে মূল্যহার ১,৮৬০.০০ টাকায় পুনর্নির্ধারণ করত আদেশ প্রদান করা হয়েছে।

০৩। ভোক্তাপর্যায়ে বেসরকারি ও সরকারি এলপিজি এর পুনর্নির্ধারিত মূল্যহার সংক্রান্ত কমিশনের এ আদেশ ১৭ কার্তিক ১৪৩৩/০২ নভেম্বর ২০২৬ তারিখ রাত ০৮:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে।

০৪। বেসরকারি ও সরকারি এলপিজি এর ভোক্তাপর্যায়ের মূল্যহার সংক্রান্ত বিজ্ঞপ্তিসমূহ এতদসঙ্গে সংযুক্ত করা হলো। পূর্ণাঙ্গ আদেশ www.berc.org.bd ওয়েবসাইটে আপলোড করা হবে।

২/১১/২৬

মোঃ নজরুল ইসলাম সরকার
সচিব, বিইআরসি।
ফোন: ০২-৫৫০১৪০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
আইইবি ভবন (৬ষ্ঠ ও ৭ম তলা), রমনা, ঢাকা-১০০০
ওয়েবসাইট: www.berc.org.bd

নং-২৮.০১.০০০০.০১২.১৭.০০২.২৬.৩৪২১

তারিখ: ১৭ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

ভোক্তাপর্যায়ে বেসরকারি এলপিজি এর মূল্যহার পরিবর্তনসহ মূল্য সমন্বয় বিজ্ঞপ্তি।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) এবং ৩৪ এ প্রদত্ত দায়িত্ব ও ক্ষমতাবলে বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সি, ডিস্ট্রিবিউটর লাইসেন্সি এবং অটোগ্যাস লাইসেন্সি কর্তৃক দাখিলকৃত বেসরকারি এলপিজি এর মূল্যহার পরিবর্তনের প্রস্তাবসমূহের বিষয়ে আগ্রহী পক্ষগণকে গণশুনানি প্রদানপূর্বক বিস্তারিত পর্যালোচনা ও বিশ্লেষণান্তে বেসরকারি এলপিজি এর ভোক্তাপর্যায়ের মূল্যহার নিম্নলিখিতভাবে পুনর্নির্ধারণ করা হলো:

(ক) বেসরকারি এলপিজি এর রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূসকসহ মূল্যহার প্রতি কেজি ১৭১.৬৮ টাকায় এবং বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিজি এর ভোক্তাপর্যায়ে মূসকসহ মূল্যহার নিম্নরূপভাবে পুনর্নির্ধারণ করা হলো:

বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিজি এর ভোক্তাপর্যায়ে পুনর্নির্ধারিত মূল্যহার, নভেম্বর-২০২৬

ক্রমিক নং	বোতলজাতকৃত এলপিজি এর পরিমাণ (কেজি)	Saudi CP [১]	জাহাজভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ [২]	আমদানি মূল্য, মূসক পূর্ব	মূসক [৩]	আমদানি মূল্য, মূসক উত্তর	আমদানি সংক্রান্ত অন্যান্য চার্জ [৪]	ইমপোর্ট প্যারিটি প্রাইস	মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ (অপারেটরের প্ল্যান্ট থেকে ডিস্ট্রিবিউটর পর্যন্ত পরিবহণ খরচ [৫] সহ)	এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্য, মূসক-উত্তর	ডিস্ট্রিবিউটর চার্জ (ডিস্ট্রিবিউটর থেকে রিটেইলার পর্যন্ত পরিবহণ খরচসহ)	রিটেইলার চার্জ	রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে বিক্রয়মূল্য
১	২	৩	৪	৫=৩+৪	৬	৭=৫+৬	৮	৯=৭+৮	১০	১১=৯+১০	১২	১৩	১৪=(১১+১২+১৩)
১	৫.৫	৫১৫.১৭	১৬৯.৭৯	৬৮৪.৯৬	৫১.৩৭	৭৩৬.৩৩	৭.৫৪	৭৪৩.৮৬	১২৯.১৪	৮৭৩.০০	৩৯.০০	৩২.০০	৯৪৪.০০
২	১২	১,১২৪.২৮	৩৭০.৪৪	১,৪৯৪.৭২	১১২.০৮	১,৬০৬.৮০	১৬.৪৪	১,৬২৩.২৪	২৮১.৭৬	১,৯০৫.০০	৮৫.০০	৭০.০০	২,০৬০.০০
৩	১২.৫	১,১৭০.৭৫	৩৮৫.৮৮	১,৫৫৬.৬৩	১১৬.৭৫	১,৬৭৩.৩৮	১৭.১৩	১,৬৯০.৫০	২৯৩.৫০	১,৯৮৪.০০	৮৯.০০	৭৩.০০	২,১৪৬.০০
৪	১৫	১,৪০৬.১০	৪৬৩.০৫	১,৮৬৯.১৫	১৪০.১০	২,০০৯.২৫	২০.৫৫	২,০২৯.৮০	৩৫২.২০	২,৩৮২.০০	১০৬.০০	৮৭.০০	২,৫৭৫.০০
৫	১৬	১,৫০০.০৪	৪৯৩.৯২	১,৯৯৩.৯৬	১৪৯.৪৪	২,১৪৩.৪০	২১.৯২	২,১৬৫.৩২	৩৭৫.৬৮	২,৫৪১.০০	১১৩.০০	৯৩.০০	২,৭৪৭.০০
৬	১৮	১,৬৮৬.৯২	৫৫৫.৬৬	২,২৪২.৫৮	১৬৮.১২	২,৪১০.৭০	২৪.৬৬	২,৪৩৫.৩৬	৪২২.৬৪	২,৮৫৮.০০	১২৭.০০	১০৫.০০	৩,০৯০.০০
৭	২০	১,৮৭৩.৮০	৬১৭.৪০	২,৪৯১.২০	১৮৬.৮০	২,৬৭৮.০০	২৭.৪০	২,৭০৫.৪০	৪৬৯.৬০	৩,১৭৫.০০	১৪২.০০	১১৭.০০	৩,৪৩৪.০০
৮	২২	২,০৬১.৬৮	৬৭৯.১৪	২,৭৪০.৮২	২০৫.৪৮	২,৯৪৬.৩০	৩০.১৪	২,৯৭৬.৪৪	৫১৬.৫৬	৩,৪৯৩.০০	১৫৬.০০	১২৮.০০	৩,৭৭৭.০০
৯	২৫	২,৩৪২.৫০	৭৭১.৭৫	৩,১১৪.২৫	২৩৩.৫০	৩,৩৪৭.৭৫	৩৪.২৫	৩,৩৮২.০০	৫৮৭.০০	৩,৯৬৯.০০	১৭৭.০০	১৪৬.০০	৪,২৯২.০০
১০	৩০	২,৮১১.২০	৯২৬.১০	৩,৭৩৭.৩০	২৮০.২০	৪,০১৭.৫০	৪১.১০	৪,০৫৮.৬০	৭০৪.৪০	৪,৭৬৩.০০	২১২.০০	১৭৫.০০	৫,১৫০.০০
১১	৩৩	৩,০৯২.০২	১,০১৮.৭১	৪,১১০.৭৩	৩০৮.২২	৪,৪১৮.৯৫	৪৫.২১	৪,৪৬৪.১৬	৭৭৪.৮৪	৫,২৩৯.০০	২৩৪.০০	১৯২.০০	৫,৬৬৫.০০
১২	৩৫	৩,২৭৯.৯০	১,০৮০.৪৫	৪,৩৬০.৩৫	৩২৬.৯০	৪,৬৮৭.২৫	৪৭.৯৫	৪,৭৩৫.২০	৮২১.৮০	৫,৫৫৭.০০	২৪৮.০০	২০৪.০০	৬,০০৯.০০
১৩	৪৫	৪,২১৭.৩০	১,৩৮৯.১৫	৫,৬০৬.৪৫	৪২০.৩০	৬,০২৬.৭৫	৬১.৬৫	৬,০৮৮.৪০	১,০৫৬.৬০	৭,১৪৫.০০	৩১৯.০০	২৬২.০০	৭,৭২৬.০০

[১]নভেম্বর ২০২৬ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেনের ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৭২০.০০ মার্কিন ডলার এবং ৭৮০.০০ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৭৫৯.০০ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২৩.৪৬ টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি বিবেচনায়।

[২]জাহাজভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ প্রতি মেট্রিক টন ২৫০.০০ মার্কিন ডলার এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২৩.৪৬ টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি বিবেচনায়।

[৩]এলপিজি এর আমদানি মূল্যের ওপর ৭.৫% হারে।

[৪]ল্যান্ডিং চার্জ, রিভার ডিউজ, লেভি, পোর্ট চার্জ, কাস্টমস সার্ভে, বিস্ফোরক পরিদপ্তরের অনাপত্তি ফিস, এলসি চার্জ/কমিশন, ইনস্যুরেন্স প্রিমিয়াম, সিএন্ডএফ কমিশন, ডিসপোর্ট ইন্সপেকশন চার্জ, এলসি অ্যামেন্ডমেন্ট চার্জসহ।

[৫]বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সির প্ল্যান্ট থেকে ডিস্ট্রিবিউটরের ওয়্যারহাউজ/আঙ্গিনা পর্যন্ত বোতলজাতকৃত এলপিজি এর পরিবহণ খরচ প্রতি কেজি ৪.১৮ টাকাসহ।

(খ) রেটিকুলেটেড পদ্ধতিতে (i) তরল অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি এর ভোক্তাপর্যায়ে মূসকসহ মূল্যহার প্রতি কেজি ১৬৫.৮৫ টাকায় এবং (ii) গ্যাসীয় অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি এর ভোক্তাপর্যায়ে মূসকসহ মূল্যহার প্রতি লিটার ০.৩৬৮৫ টাকায় বা প্রতি ঘনমিটার ৩৬৮.৫০ টাকায় পুনর্নির্ধারণ করা হলো।

(গ) ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূসকসহ মূল্যহার প্রতি লিটার ৯১.৯৫ টাকায় পুনর্নির্ধারণ করা হলো।

২। প্রত্যেক বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সি অনুচ্ছেদ ১(ক) এ উল্লিখিত ছকের কলাম-১১ এ উল্লিখিত এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মূসক উত্তর) ডিস্টিবিউটরের নিকট এলপিজি বিক্রয় করবে এবং সে অনুযায়ী মূসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে। কমিশন কর্তৃক এলপিজি এর মূল্যহার সমন্বয় না করা পর্যন্ত কোনো বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সি কর্তৃক অনুচ্ছেদ ১(ক) এ উল্লিখিত ছকের কলাম-১১ এ উল্লিখিত এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যের (মূসক উত্তর) চেয়ে অধিক মূল্যে মূসক চালান/ডিও জারী করা যাবে না।

৩। বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সি কর্তৃক অনুচ্ছেদ ১(ক) এ উল্লিখিত ছকের কলাম-১২ এ উল্লিখিত "ডিস্ট্রিবিউটর চার্জ" সহ মূসক চালান/ডিও জারী করা যাবে না বা মূসক চালান/ডিও তে ডিস্ট্রিবিউটর চার্জ অন্তর্ভুক্ত করা যাবে না।

৪। বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সি নিজ ব্যবস্থায় ও খরচে বোতলজাতকৃত এলপিজি ডিস্ট্রিবিউটরের ওয়্যারহাউজ/আঙ্গিনায় পৌঁছে দিবে বা অনুচ্ছেদ ১(ক) এ উল্লিখিত ছকের কলাম-১০ এর মধ্যে অন্তর্ভুক্ত এলপিজি প্লান্ট থেকে ডিস্ট্রিবিউটরের ওয়্যারহাউজ/আঙ্গিনা পর্যন্ত বোতলজাতকৃত এলপিজি পৌঁছানোর পরিবহণ খরচ বহন করবে/মাসভিত্তিতে ডিস্ট্রিবিউটরকে পরিবহণ খরচ প্রদান নিশ্চিত করবে, যা এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সির কোনো শর্তের অধীন হবে না।

৫। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যহারের চেয়ে অধিক মূল্যহারে এলপিজি বিক্রয় করা যাবে না।

৬। এ মূল্যহার আদেশ ১৭ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ/ ০২ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ রাত ০৮:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৭। বোতলজাতকৃত বেসরকারি এলপিজি এর কেজি প্রতি মূল্যহার, রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত বেসরকারি এলপিজি এর মূল্যহার এবং ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূল্যহার কাঠামো সংক্রান্ত বিজ্ঞপ্তি কমিশনের ওয়েবসাইট www.berc.org.bd এ পাওয়া যাবে।

৮। বিস্তারিত মূল্যহার আদেশ (বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/৩৮) কমিশনের ওয়েবসাইট www.berc.org.bd এ আপলোড করা হবে।

কমিশনের আদেশক্রমে,

২/১১/২৬

মোঃ নজরুল ইসলাম সরকার
সচিব, বিইআরসি।
ফোন: ০২-২২৬৬৪০৯০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
আইইবি ভবন (৬ষ্ঠ ও ৭ম তলা), রমনা, ঢাকা-১০০০
ওয়েবসাইট: www.berc.org.bd

নং-২৮.০১.০০০০.০১২.১৭.০০২.২৬.৩৪২২

তারিখ: ১৭ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

প্রতি কেজি বোতলজাতকৃত বেসরকারি এলপিজি এর ভোক্তাপর্যায়ে পুনর্নির্ধারিত মূল্যহার সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) এবং ৩৪ এ প্রদত্ত দায়িত্ব ও ক্ষমতাবলে বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সি এবং ডিস্ট্রিবিউটর লাইসেন্সি কর্তৃক দাখিলকৃত বেসরকারি এলপিজি এর মূল্যহার পরিবর্তনের প্রস্তাবসমূহের বিষয়ে আগ্রহী পক্ষগণকে গণশুনানি প্রদানপূর্বক বিস্তারিত পর্যালোচনা ও বিশ্লেষণান্তে প্রতি কেজি বোতলজাতকৃত বেসরকারি এলপিজি এর ভোক্তাপর্যায়ের মূল্যহার নিম্নলিখিতভাবে পুনর্নির্ধারণ করা হলো:

প্রতি কেজি বোতলজাতকৃত বেসরকারি এলপিজি এর ভোক্তাপর্যায়ে পুনর্নির্ধারিত মূল্যহার, নভেম্বর-২০২৬

ক্রমিক নং	বিবরণ		পুনর্নির্ধারিত মূল্যহার (টাকা/কেজি)
ক	Saudi Contract Price[১] (Saudi CP)		৯৩.৭১
খ	জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ[২]		৩০.৮৭
গ	**আমদানি মূল্য, মূসকপূর্ব (ক+খ)**		**১২৪.৫৮**
ঘ	মূসক[৩]		৯.৩৪
ঙ	**আমদানি মূল্য, মূসক উত্তর (গ+ঘ)**		**১৩৩.৯২**
চ	আমদানি সংক্রান্ত অন্যান্য চার্জ		
	১	ল্যান্ডিং চার্জ[৪]	০.৩২২০
	২	রিভার ডিউজ[৫]	০.০৫৫০
	৩	লেভি[৬]	০.০০৩৫
	৪	পোর্ট চার্জ[৭]	০.০০২৩
	৫	কাস্টমস সার্ভে[৮]	০.০১৩৮
	৬	বিস্ফোরক পরিদপ্তরের অনাপত্তি ফিস[৯]	০.০০১৩
	৭	এলসি চার্জ/কমিশন[১০]	০.৩০৮০
	৮	ইনস্যুরেন্স প্রিমিয়াম[১১]	০.০৯২৪
	৯	সিএন্ডএফ কমিশন[১২]	০.৪১৮৫
	১০	ডিসপোর্ট ইন্সপেকশন চার্জ[১৩]	০.১৫৪০
	১১	এলসি অ্যামেন্ডমেন্ট চার্জ[১৪]	০.০০০৩
	১২	**মোট আমদানি সংক্রান্ত অন্যান্য চার্জ (চ১+...+.চ১১)**	**১.৩৭**
ছ	**ইমপোর্ট প্যারিটি প্রাইস (ঙ+চ)**		**১৩৫.২৯**
জ	মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ (অপারেটরের প্ল্যান্ট থেকে ডিস্ট্রিবিউটর পর্যন্ত পরিবহণ খরচ[১৫]সহ)		২৩.৪৮
ঝ	**এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্য, মূসক-উত্তর (ছ+জ)**		**১৫৮.৭৭**
ঞ	ডিস্ট্রিবিউটর চার্জ (রিটেইলারের ওয়্যারহাউজ/আঙ্গিনা পর্যন্ত পরিবহণ খরচসহ)		৭.০৮
ট	রিটেইলার চার্জ (হোম ডেলিভারি চার্জ ব্যতীত)		৫.৮৩
ঠ	**রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে এলপিজি এর পুনর্নির্ধারিত মূল্য (ঝ+ঞ+ট)**		**১৭১.৬৮**

[১]নভেম্বর ২০২৬ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেনের ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৭২০.০০ মার্কিন ডলার এবং ৭৮০.০০ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৭৫৯.০০ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২৩.৪৬ টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি বিবেচনায়।

[২]জাহাজভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ প্রতি মেট্রিক টন ২৫০.০০ মার্কিন ডলার এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২৩.৪৬ টাকা এবং ১ মেট্রিক টন=১,০০০ কেজি বিবেচনায়।

[৩]এলপিজি আমদানি মূল্যের ওপর ৭.৫% হারে।

[৪]প্রতি মেট্রিক টন ২৫০ টাকা + ১৫% মূসক।

[৫]আমদানি কার্গো রিভার ডিউজ প্রতি টন ০.৪৪৩ মার্কিন ডলার হিসেবে ৫৫ টাকা এবং উক্ত চার্জের উপর ১৫% মূসক।

[৬]প্রতি মেট্রিক টন ০৩ টাকা + ১৫% মূসক।

[৭]প্রতি মেট্রিক টন ০২ টাকা + ১৫% মূসক।

[৮]প্রতি মেট্রিক টন ১২ টাকা + ১৫% মূসক।

[৯]প্রতি কার্গো ২,৭৮০ টাকা + ১৫% মূসক এবং কার্গো সাইজ ২,৫০০ মেট্রিক টন।

[১০]সিএফআর মূল্যের ০.২০% + ১৫% মূসক।

[১১]সিএফআর মূল্যের ০.০৬% + ১৫% মূসক।

[১২]সিএফআর মূল্যের ০.২৫%, সিএন্ডএফ কমিশনের ওপর ১৫% মূসক ও ১০% ট্যাক্সসহ।

[১৩]সিএফআর মূল্যের ০.১০% + ১৫ মূসক।

[১৪]প্রতি কনসাইনমেন্ট ৭৫০ টাকা + ১৫% মূসক এবং কার্গো সাইজ ২,৫০০ মেট্রিক টন।

[১৫]বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সির প্ল্যান্ট থেকে ডিস্ট্রিবিউটরের ওয়্যারহাউজ/আঙ্গিনা পর্যন্ত বোতলজাতকৃত এলপিজি এর গড় পরিবহণ খরচ প্রতি কেজি ৪.১৮ টাকাসহ।

২। প্রত্যেক বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সি অনুচ্ছেদ ১ এ উল্লিখিত ছকের সারি-ঝ এ উল্লিখিত এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মূসক উত্তর) ডিস্টিবিউটরের নিকট এলপিজি বিক্রয় করবে এবং সে অনুযায়ী মূসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে। কমিশন কর্তৃক এলপিজি এর মূল্যহার সমন্বয় না করা পর্যন্ত কোনো বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সি কর্তৃক অনুচ্ছেদ ১ এ উল্লিখিত ছকের সারি-ঝ এ উল্লিখিত এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যের (মূসক উত্তর) চেয়ে অধিক মূল্যে মূসক চালান/ডিও জারী করা যাবে না।

৩। বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সি কর্তৃক অনুচ্ছেদ ১ এ উল্লিখিত ছকের সারি-ঞ এ উল্লিখিত "ডিস্ট্রিবিউটর চার্জ" সহ মূসক চালান/ডিও জারী করা যাবে না বা মূসক চালান/ডিও তে ডিস্ট্রিবিউটর চার্জ অন্তর্ভুক্ত করা যাবে না।

৪। বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সি নিজ ব্যবস্থায় ও খরচে বোতলজাতকৃত এলপিজি ডিস্ট্রিবিউটরের ওয়্যারহাউজ/আঙ্গিনায় পৌঁছে দিবে বা অনুচ্ছেদ ১ এ উল্লিখিত ছকের সারি-জ এর মধ্যে অন্তর্ভুক্ত এলপিজি প্লান্ট থেকে ডিস্ট্রিবিউটরের ওয়্যারহাউজ/আঙ্গিনা পর্যন্ত বোতলজাতকৃত এলপিজি পৌঁছানোর পরিবহণ খরচ বহন করবে/মাসভিত্তিতে ডিস্ট্রিবিউটরকে পরিবহণ খরচ প্রদান নিশ্চিত করবে, যা এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সির কোনো শর্তের অধীন হবে না।

৫। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যহারের চেয়ে অধিক মূল্যহারে এলপিজি বিক্রয় করা যাবে না।

৬। এ মূল্যহার আদেশ ১৭ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ/ ০২ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ রাত ০৮:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৭। বিস্তারিত মূল্যহার আদেশ (বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/৩৮) কমিশনের ওয়েবসাইট www.berc.org.bd এ আপলোড করা হবে।

কমিশনের আদেশক্রমে,

মোঃ নজরুল ইসলাম সরকার
সচিব, বিইআরসি।
ফোন: ০২-২২৬৬৪০৯০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
আইইবি ভবন (৬ষ্ঠ ও ৭ম তলা), রমনা, ঢাকা-১০০০
ওয়েবসাইট: www.berc.org.bd

নং-২৮.০১.০০০০.০১২.১৭.০০২.২৬.৩৪২৩

তারিখ: ১৭ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ০২ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত বেসরকারি এলপিজি এর ভোক্তাপর্যায়ে পুনর্নির্ধারিত মূল্যহার সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) এবং ৩৪ এ প্রদত্ত দায়িত্ব ও ক্ষমতাবলে বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সি এবং ডিস্ট্রিবিউটর লাইসেন্সি কর্তৃক দাখিলকৃত বেসরকারি এলপিজি এর মূল্যহার পরিবর্তনের প্রস্তাবসমূহের বিষয়ে আগ্রহী পক্ষগণকে গণশুনানি প্রদানপূর্বক বিস্তারিত পর্যালোচনা ও বিশ্লেষণান্তে রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত বেসরকারি এলপিজি এর ভোক্তাপর্যায়ের মূল্যহার নিম্নলিখিতভাবে পুনর্নির্ধারণ করা হলো:

রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত বেসরকারি এলপিজি এর ভোক্তাপর্যায়ে পুনর্নির্ধারিত মূল্যহার, নভেম্বর-২০২৬

বিবরণ			পুনর্নির্ধারিত মূল্য		
			টাকা/কেজি (এলপিজি)	টাকা/লিটার[১] (গ্যাসীয় অবস্থায়)	টাকা/ঘনমিটার[১] (গ্যাসীয় অবস্থায়)
ক	১	Saudi Contract Price[২] (Saudi CP)	৯৩.৭১	০.২০৮২	২০৮.২০
	২	জাহাজভাড়া ও ট্রেডারের প্রিমিয়াম চার্জ[৩]	৩০.৮৭	০.০৬৮৬	৬৮.৬০
	৩	**আমদানি মূল্য, মূসক পূর্ব (ক১+ক২)**	**১২৪.৫৮**	**০.২৭৬৮**	**২৭৬.৮০**
	৪	মূসক (৩ X ৭.৫%)[৪]	৯.৩৪	০.০২০৮	২০.৮০
	৫	**আমদানি মূল্য, মূসক-উত্তর (ক৩+ক৪)**	**১৩৩.৯২**	**০.২৯৭৬**	**২৯৭.৬০**
	৬	অন্যান্য চার্জ[৫]	১.৩৭	০.০০৩০	৩.০০
	৭	**ইম্পোর্ট প্যারিটি প্রাইস (ক৫+ক৬)**	**১৩৫.২৯**	**০.৩০০৬**	**৩০০.৬০**
খ		মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ (অপারেটরের প্ল্যান্ট থেকে ডিস্ট্রিবিউটর পর্যন্ত পরিবহণ খরচসহ)	২৩.৪৮	০.০৫২২	৫২.২০
গ		**এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্য, কর-উত্তর (ক৭+খ)**	**১৫৮.৭৭**	**০.৩৫২৮**	**৩৫২.৮০**
ঘ		ডিস্ট্রিবিউটর চার্জ (রিটেইলারের আঙ্গিনা পর্যন্ত পরিবহণ খরচসহ)	৭.০৮	০.০১৫৭	১৫.৭০
ঙ		**ভোক্তাপর্যায়ে মূল্যহার, মূসকসহ (গ+ঘ)**	**১৬৫.৮৫**	**০.৩৬৮৫**	**৩৬৮.৫০**

[১]প্রোপেন ও বিউটেনের অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় এলপিজি এর Specific Gravity ০.৫৫৫৫ হিসেবে ১ কেজি এলপিজি=১.৮০০২ লিটার এলপিজি, ১ লিটার এলপিজি = ২৫০ লিটার গ্যাস হিসেবে ১ কেজি এলপিজি = ৪৫০.০৫ লিটার গ্যাস এবং ১ ঘনমিটার গ্যাস=১০০০ লিটার গ্যাস বিবেচনায় [০.৪৫ ঘনমিটার গ্যাস = ১ কেজি এলপিজি বা ১ ঘনমিটার গ্যাস = ২.২২ কেজি এলপিজি]।

[২]নভেম্বর ২০২৬ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেনের ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৭২০.০০ মার্কিন ডলার এবং ৭৮০.০০ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৭৫৯.০০ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২৩.৪৬ টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি বিবেচনায়।

[৩]জাহাজভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ প্রতি মেট্রিক টন ২৫০.০০ মার্কিন ডলার এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২৩.৪৬ টাকা এবং ১ মেট্রিক টন=১,০০০ কেজি বিবেচনায়।

[৪]এলপিজি আমদানি মূল্যের ওপর ৭.৫% হারে।

[৫]ল্যান্ডিং চার্জ, রিভার ডিউজ, লেভি, পোর্ট চার্জ, কাস্টমস সার্ভে, বিস্ফোরক পরিদপ্তরের অনাপত্তি ফিস, এলসি চার্জ/কমিশন, ইনস্যুরেন্স প্রিমিয়াম, সিএন্ডএফ কমিশন, ডিসপোর্ট ইন্সপেকশন চার্জ, এলসি অ্যামেন্ডমেন্ট চার্জসহ।

২। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যহারের চেয়ে অধিক মূল্যহারে এলপিজি বিক্রয় করা যাবে না।

৩। এ মূল্যহার আদেশ ১৭ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ/ ০২ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ রাত ০৮:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৪। বিস্তারিত মূল্যহার আদেশ (বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/৩৮) কমিশনের ওয়েবসাইট www.berc.org.bd এ আপলোড করা হবে।

কমিশনের আদেশক্রমে,

২১/১১/২৬

মোঃ নজরুল ইসলাম সরকার
সচিব, বিইআরসি।
ফোন: ০২-২২৬৬৪০৯০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
আইইবি ভবন (৬ষ্ঠ ও ৭ম তলা), রমনা, ঢাকা-১০০০
ওয়েবসাইট: www.berc.org.bd

নং-২৮.০১.০০০০.০১২.১৭.০০২.২৬.৩৪২৪

তারিখ: ১৭ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ০২ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের পুনর্নির্ধারিত মূল্যহার সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) এবং ৩৪ এ প্রদত্ত দায়িত্ব ও ক্ষমতাবলে বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সি এবং অটোগ্যাস লাইসেন্সি কর্তৃক দাখিলকৃত বেসরকারি এলপিজি ও অটোগ্যাসের মূল্যহার পরিবর্তনের প্রস্তাবসমূহের বিষয়ে আগ্রহী পক্ষগণকে গণশুনানি প্রদানপূর্বক বিস্তারিত পর্যালোচনা ও বিশ্লেষণান্তে অটোগ্যাসের ভোক্তাপর্যায়ের মূল্যহার নিম্নলিখিতভাবে পুনর্নির্ধারণ করা হলো:

ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের পুনর্নির্ধারিত মূল্যহার, নভেম্বর-২০২৬

ক্রমিক নং	বিবরণ		পুনর্নির্ধারিত মূল্যহার (টাকা/লিটার[১])
ক	Saudi Contract Price[২] (Saudi CP)		৫২.০৬
খ	জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ[৩]		১৭.১৫
গ	**আমদানি মূল্য, মূসকপূর্ব (ক+খ)**		**৬৯.২১**
ঘ	মূসক[৪]		৫.১৯
ঙ	**আমদানি মূল্য, মূসকউত্তর (গ+ঘ)**		**৭৪.৪০**
চ	আমদানি সংক্রান্ত অন্যান্য চার্জ		
	১	ল্যান্ডিং চার্জ[৫]	০.১৭৮৯
	২	রিভার ডিউজ[৬]	০.০৩০৬
	৩	লেভি[৭]	০.০০১৯
	৪	পোর্ট চার্জ[৮]	০.০০১৩
	৫	কাস্টমস সার্ভে[৯]	০.০০৭৭
	৬	বিস্ফোরক পরিদপ্তরের অনাপত্তি ফিস[১০]	০.০০০৭
	৭	এলসি চার্জ/কমিশন[১১]	০.১৭১১
	৮	ইনস্যুরেন্স প্রিমিয়াম[১২]	০.০৫১৩
	৯	সিএন্ডএফ কমিশন[১৩]	০.২৩২৫
	১০	ডিসপোর্ট ইন্সপেকশন চার্জ[১৪]	০.০৮৫৫
	১১	এলসি অ্যামেন্ডমেন্ট চার্জ[১৫]	০.০০০২
	১২	**মোট আমদানি সংক্রান্ত অন্যান্য চার্জ (চ১+...+.চ১১)**	**০.৭৬**
ছ	**ইমপোর্ট প্যারিটি প্রাইস (ঙ+চ)**		**৭৫.১৬**
জ	এলপিজি মজুতকরণ চার্জ[১৬]		৫.৫৯
ঝ	**এলপিজি মজুতকরণ পরবর্তী মূল্য, মূসক-উত্তর (ছ+জ)**		**৮০.৭৫**
ঞ	পরিবহণ চার্জ		১.৯৫
ট	স্টেশন চার্জ		৯.২৫
ঠ	**ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূল্যহার (ঝ+ঞ+ট)**		**৯১.৯৫**

[১]প্রোপেন ও বিউটেনের অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় এলপিজি এর Specific Gravity ০.৫৫৫৫ হিসেবে ১ কেজি এলপিজি=১.৮০০২ লিটার এলপিজি, ১ লিটার এলপিজি = ২৫০ লিটার গ্যাস হিসেবে ১ কেজি এলপিজি = ৪৫০.০৫ লিটার গ্যাস এবং ১ ঘনমিটার গ্যাস=১০০০ লিটার গ্যাস বিবেচনায় [০.৪৫ ঘনমিটার গ্যাস = ১ কেজি এলপিজি বা ১ ঘনমিটার গ্যাস = ২.২২ কেজি এলপিজি]।

[২]নভেম্বর ২০২৬ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেনের ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৭২০.০০ মার্কিন ডলার এবং ৭৮০.০০ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড়

Saudi CP প্রতি মেট্রিক টন ৭৫৯.০০ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২৩.৪৬ টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি বিবেচনায়।

[৩]জাহাজভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ প্রতি মেট্রিক টন ২৫০.০০ মার্কিন ডলার এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২৩.৪৬ টাকা এবং ১ মেট্রিক টন=১,০০০ কেজি বিবেচনায়।

[৪]এলপিজি আমদানি মূল্যের ওপর ৭.৫% হারে।

[৫]প্রতি মেট্রিক টন ২৫০ টাকা + ১৫% মূসক।

[৬]আমদানি কার্গো রিভার ডিউজ প্রতি টন ০.৪৪৩ মার্কিন ডলার হিসেবে ৫৫ টাকা এবং উক্ত চার্জের উপর ১৫% মূসক।

[৭]প্রতি মেট্রিক টন ০৩ টাকা + ১৫% মূসক।

[৮]প্রতি মেট্রিক টন ০২ টাকা + ১৫% মূসক।

[৯]প্রতি মেট্রিক টন ১২ টাকা + ১৫% মূসক।

[১০]প্রতি কার্গো ২,৭৮০ টাকা + ১৫% মূসক এবং কার্গো সাইজ ২,৫০০ মেট্রিক টন।

[১১]সিএফআর মূল্যের ০.২০% + ১৫% মূসক।

[১২]সিএফআর মূল্যের ০.০৬% + ১৫% মূসক।

[১৩]সিএফআর মূল্যের ০.২৫%, সিএন্ডএফ কমিশনের ওপর ১৫% মূসক ও ১০% ট্যাক্সসহ।

[১৪]সিএফআর মূল্যের ০.১০% + ১৫ মূসক।

[১৫]প্রতি কনসাইনমেন্ট ৭৫০ টাকা + ১৫% মূসক এবং কার্গো সাইজ ২,৫০০ মেট্রিক টন।

[১৬]বেসরকারি এলপিজি এর মজুতকরণ ও বোতলজাতকরণ ব্যয় থেকে সিলিন্ডারের অবচয় ব্যয় ব্যতীত ব্যয়ের ৫০%।

২। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ, অটোগ্যাস স্টেশনের নিকট এবং ভোক্তপর্যায়ে অটোগ্যাস স্টেশনে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যহারের চেয়ে অধিক মূল্যহারে এলপিজি বিক্রয় করা যাবে না।

৩। এ মূল্যহার আদেশ ১৭ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ/ ০২ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ রাত ০৮:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৪। বিস্তারিত মূল্যহার আদেশ (বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/৩৮) কমিশনের ওয়েবসাইট www.berc.org.bd এ আপলোড করা হবে।

কমিশনের আদেশক্রমে,

০২/১১/২৬

মোঃ নজরুল ইসলাম সরকার
সচিব, বিইআরসি।
ফোন: ০২-২২৬৬৪০৯০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
আইইবি ভবন (৬ষ্ঠ ও ৭ম তলা), রমনা, ঢাকা-১০০০
ওয়েবসাইট: www.berc.org.bd

নং-২৮.০১.০০০০.০১২.১৭.০০২.২৬.৩৪২৫

তারিখ: ১৭ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ০২ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

ভোক্তাপর্যায়ে সরকারি এলপিজি এর পুনর্নির্ধারিত মূল্যহার সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) এবং ৩৪ এ প্রদত্ত দায়িত্ব ও ক্ষমতাবলে এলপি গ্যাস পিএলসি কর্তৃক দাখিলকৃত সরকারি এলপিজি এর মূল্যহার পরিবর্তনের প্রস্তাবের বিষয়ে আগ্রহী পক্ষগণকে গণশুনানি প্রদানপূর্বক বিস্তারিত পর্যালোচনা ও বিশ্লেষণান্তে সরকারি এলপিজি এর ভোক্তাপর্যায়ের মূল্যহার নিম্নলিখিতভাবে পুনর্নির্ধারণ করা হলো:

সরকারি এলপিজি এর ভোক্তাপর্যায়ে পুনর্নির্ধারিত মূল্যহার, নভেম্বর-২০২৬

ক্রমিক নং	বিবরণ	ভোক্তাপর্যায়ে সরকারি এলপিজি এর পুনর্নির্ধারিত মূল্যহার
১	এক্স-রিফাইনারি মূল্য/এসজিএফএল এর মূল্য (কর-উত্তর)	৪৮০.৭৩
২	এলপিজি খাত উন্নয়ন তহবিল[১]	১,০০৪.০৭
৩	এলপি গ্যাস পিএলসি এর এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ (অবচয় ও মেরামত এবং রক্ষণাবেক্ষণ ব্যয়সহ)	১৬০.২০
৪	**এলপি গ্যাস পিএলসি পর্যায়ের মূল্য [১+২+৩]**	**১,৬৪৫.০০**
৫	তেল বিপণন কোম্পানির চার্জ	৩০.০০
৬	সমান পরিবহণ ভাড়া	৬৫.০০
৭	**মূল স্থাপনা/ডিপো মূল্য [৪+৫+৬]**	**১,৭৪০.০০**
৮	ডিলারদের স্থানীয় পরিবহন খরচ	৫০.০০
৯	ডিলারপর্যায়ে অপারেশন খরচ ও চার্জ	৭০.০০
১০	**ভোক্তাপর্যায়ে মূল্যহার [৭+৮+৯]**	**১,৮৬০.০০[২]**

[১]"এলপিজি খাত উন্নয়ন তহবিল" বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) কর্তৃক পরিচালিত হবে। এলপিজি খাত উন্নয়ন তহবিলের অর্থ মাসভিত্তিতে এলপি গ্যাস পিএলসি উক্ত তহবিলের জন্য নির্ধারিত পৃথক ব্যাংক হিসাবে জমা প্রদান করবে। তহবিলের জমাকৃত অর্থের ওপর প্রাপ্য সুদও উক্ত তহবিলে জমা হবে। বিপিসি উক্ত তহবিলের পরিচালনা ও ব্যবস্থাপনা এবং অর্থ ব্যয়ের আওতা ইত্যাদি বিষয়ে একটি রেগুলেটরী গাইডলাইন্স এর খসড়া প্রণয়নপূর্বক অনুমোদনের নিমিত্ত কমিশনে প্রেরণ করবে।

[২]বেসরকারি এলপিজি এর আমদানিমূল্য বা Saudi CP মাসভিত্তিতে পরিবর্তন এবং জাহাজভাড়া ও ট্রেডারের প্রিমিয়াম চার্জের পরিবর্তন বিবেচনায় প্রতি ১২.৫০ কেজি সরকারি এলপিজি এর ভোক্তাপর্যায়ে মূল্যহার প্রতি ১২ কেজি বোতলজাতকৃত বেসরকারি এলপিজি এর মূল্যহারের তুলনায় ২০০.০০ টাকা কম নির্ধারণ করা হয়েছে, যা প্রয়োজনে মাসভিত্তিক এলপিজি এর মূল্যহার সমন্বয়কালে কমিশন কর্তৃক সমন্বয় করা হবে।

৩। এ মূল্যহার আদেশ ১৭ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ/ ০২ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ রাত ০৮:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৪। বিস্তারিত মূল্যহার আদেশ (বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/৩৮) কমিশনের ওয়েবসাইট www.berc.org.bd এ আপলোড করা হবে।

কমিশনের আদেশক্রমে,

মোঃ নজরুল ইসলাম সরকার
সচিব, বিইআরসি।
ফোন: ০২-২২৬৬৪০৯০৫